দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 JAN 2016
কলাম

# অবশেষে শিক্ষা বোর্ডের বিতর্কিত নিয়োগ বাতিল

স্টাফ রিপোর্টার ॥ জনকণ্ঠে সংবাদ প্রকাশের পর ঢাকা শিক্ষা বোর্ডের বিতর্কিত নিয়োগ বাতিল করেছে শিক্ষা মন্ত্রণালয়। সংবাদ প্রকাশের পর শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সরাসরি বিষয়টিতে হস্তক্ষেপ করে ঢাকা বোর্ডকে চিঠি পাঠিয়ে ওই নিয়োগ বাতিলের আদেশ দেন। পরে বুধবার রাতে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে নিয়োগ বাতিল সংক্রান্ত বিজ্ঞপ্তি টাঙ্গিয়ে দেয়া হয়েছে।

এর আগে বুধবার দৈনিক জনকণ্ঠের শেষ পৃষ্ঠায় 'ঢাকা শিক্ষা বোর্ডে তোলপাড় ॥ নিয়োগবিধি উপেক্ষা করে কর্মচারী নিয়োগ' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। ওই সংবাদ প্রকাশের পরই ঐই নিয়োগ বাতিলের উদ্যোগ গ্রহণ করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

জনকণ্ঠের ওই প্রতিবেদনে বলা হয়, নিয়োগবিধি উপেক্ষা করে ১০ কর্মচারী নিয়োগ দেয়ার অভিযোগকে কেন্দ্র করে তোলপাড় শুরু হয়েছে ঢাকা শিক্ষা বোর্ডে। শিক্ষা বোর্ড কর্মচারী ইউনিয়নের সভাপতি হুমায়ূন কবির ও সাধারণ সম্পাদক লোকমান মুন্সির চাপ ও হুমকির কারণে বোর্ড চেয়ারম্যান ওই নিয়োগ দিতে বাধ্য হয়েছেন বলে শিক্ষা মন্ত্রণালয়ে লিখিত অভিযোগ করেছেন বোর্ডের ১৫১ কর্মচারী। লিখিত অভিযোগ পাওয়ার পর শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের নির্দেশে তদন্তে নেমেছে শিক্ষা মন্ত্রণালয়। তদন্তের অংশ হিসেবে বোর্ডের নিয়োগ সংক্রান্ত নথি তলব করে নিয়োগের সকল তথ্য জানতে চাওয়া হয়েছে।